# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৯৩

ভূমিকা (المقدمة)

পরিচ্ছেদঃ ২৮. যে ব্যক্তি ভুল হবার আশঙ্কায় ফতওয়া দেয়াকে ভয় পায়

بَابُ مَنْ هَابَ الْفُتْيَا مَخَافَةَ السَّقَطِ

## আরবী

أَخْبَرَنَا يَعْقُوبُ بْنُ إِبْرَاهِيمَ، حَدَّثَنَا يَحْيَى بْنُ أَبِي بُكَيْرٍ، حَدَّثَنَا شِبْلٌ، عَنْ عَمْرِو بْنِ دِينَارٍ، عَنْ طَاوُسٍ، قَالَ: قِيلَ: يَا رَسُولَ اللَّهِ، أَيُّ النَّاسِ أَعْلَمُ؟ قَالَ: مَنْ جَمَعَ عِلْمَ النَّاسِ إِلَى عِلْمِهِ، وَكُلُّ طَالِبِ عِلْمٍ غَرْثَانُ إِلَى عِلْمٍ

إسناده صحيح

## বাংলা

২৯৩. তাউস হতে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে জিজ্ঞাসা করা হলো: হে আল্লাহর রাসূল! সবচেয়ে জ্ঞানী লোক কে? তিনি বলেন: “যে ব্যক্তি সকল মানুষের জ্ঞানকে তার জ্ঞানের সাথে জমা করেছে এবং প্রত্যেক জ্ঞান অন্বেষণকারী জ্ঞানের জন্য লালায়িত থাকে।[1]

## ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর সনদ সহীহ। (তবে এটি মুরসাল)।

তাখরীজ: এ আছারটি আমি অন্য কোথাও পাইনি, তবে আবু ইয়ালা, মুসনাদ (৪/১৩২) নং ২১৮৩ তে জাবির রাদিয়াল্লাহু আনহু থেকে মারফু’ হিসেবে বর্ণনা করেছেন যার সনদ যয়ীফ জিদ্দান বা অত্যন্ত দুর্বল।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=69604

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন